# Times Today BD

আশিকুর রহমান | ঢাকা | 12 May, 2025

কৃষক শ্রমিক জনতা লীগের সভাপতি বঙ্গবীর কাদের সিদ্দিকী বলেছেন, এখন একটা বৈরী হওয়া বইছে- শেখ হাসিনার দল, মাওলানা ভাসানীর তৈরি করা দল, বঙ্গবন্ধুর লালন পালন করা দল, যে দল বাংলাদেশের স্বাধীনতা এনেছে সেই হুজুর মাওলানা ভাসানীর দল আওয়ামীলীগ কচু পাতার পানি না, এটা সিদ্ধ হবে না নিষিদ্ধ হবে সে রায় দেয়ার মালিক জনগণ।

দুপুরে কালিহাতী ছাতিহাটি নিজ গ্রামের মসজিদ মাঠে এসব কথা বলেন তিনি।

এসময় বঙ্গবীর বলেন, কোন রাজনৈতিক দলকে নিষিদ্ধ করলেই নিষিদ্ধ হয়ে যায় না।আর জনগন যদি তার থেকে মুখ ফিরিয়ে নেয় অনুমোদন দিলেও সে দল দাড়াতে পারে না। আওয়ামী লীগের যারা অন্যায় করেছে ভুল করেছে তাদের বিচার হবে এবং আইনের দ্বারা বিচারে দোষী হলে তাদের শাস্তি হবে।কিন্তু কোন পরিষদ সিদ্ধান্ত নিলেই সেটা কার্যকর হবে বা সেটাই শুদ্ধ সেটা ঠিক না।

এসময় ভারত-পাকিস্তান যুদ্ধের বিষয়ে তিনি বলেন, এখনকার যুদ্ধ কোন ছেলে খেলা না।তার প্রভাব যে দেশ যুদ্ধ করে সেই দেশের উপর পড়ে না,সারা পৃথিবীর উপরে পড়ে।দু-একটা গুলি ছোরা আর যুদ্ধ এক না। ভারত-পাকিস্তান যুদ্ধ হতে পারে না।এবং যুদ্ধ হলে সেটা এমন ভয়াবহ হবে সারা পৃথিবীতে এর প্রভাব পড়বে।এগুলো রাজনীতি না, এই পৃথিবীতে শ্রেষ্ঠ চালকের দেশ ভারত তারা কেন ছেলে খেলা করবে।বাংলাদেশ তার নিকটবর্তী দেশ হিসেবে অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে।

আওয়ামীলীগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:15

URL: https://www.timestodaybd.com/dhaka/233744426